

দৈনিক জনকণ্ঠ

তারিখ 09 DEC 1996
পৃষ্ঠা ৩ কলাম ২

দু'পায়ে লোহার
ডাণ্ডাবেড়ি ও
রেলের টুকরাবিট
ঝুলিয়ে চলছে
শতাধিক বাচ্চার
দুর্বিষহ জীবন



কথিত মাদ্রাসার প্রধান লোহার ফটক —জনকণ্ঠ



শিকল ঝালাই করে দেয়া হচ্ছে যাতে শিক্ষার্থী পালিয়ে যেতে না পারে মাদ্রাসা থেকে



দ্বীনি শিক্ষা দিয়ে আসছি। অসুবিধা কি? মওলানা ছালেহ আহমদের পাল্টা প্রশ্ন —জনকণ্ঠ

# পবিত্র ইসলামী শিক্ষার নামে এক শিশু বন্দী শিবির

মোয়াজ্জেমুল হক, চট্টগ্রাম অফিস

অবিশ্বাস্য লোমহর্ষক ঘটনা। জেল বা কোন কয়েদখানা নয়। পবিত্র ইসলামী শিক্ষার নামে মধ্যযুগীয় বর্বরতার স্বরূপে ইসলামপরিপন্থী এক শিশু বন্দী শিবির আবিষ্কৃত হয়েছে দেশের দ্বিতীয় বৃহত্তম শহর চট্টগ্রামে। দু'পায়ে লোহার শিকলের ডাণ্ডাবেড়ির টুকরা রেলবিট সংযুক্ত করে পাষণ্ডের মতো শাস্তির ব্যবস্থায় শতাধিক শিশু এ শিবিরে বন্দী জীবনযাপন করছে। এদের সকলের বয়স ১৪ বছরের নিচে।

এক মস্তান চক্রের সহায়তায় পবিত্র ইসলামী অনুশাসনসহ স্বীকৃত ও প্রচলিত সকল আইনের প্রতি বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন করে গড়ে ওঠা মাদ্রাসা নামীয় তথাকথিত এ শিক্ষা কেন্দ্রের নাম 'তাজবীদুল কোরান মহিছুন্না মাদ্রাসা'। গড়ে উঠেছে দীর্ঘ ১৫ বছর আগে। সরকারী কোন অনুমোদন নেই, শিক্ষা বিভাগের কোন স্বীকৃতি নেই। এমনকি মাদ্রাসার সাইনবোর্ডটিও পর্যন্ত টানানো হয়নি। আছে শুধু কিছু প্যাড ও খাতাপত্র।

(১১-এর পৃঃ দেখুন)

## সর্বশেষ

### পুলিশ ৩ হুজুরকে গ্রেফতার ও ২৪ শিশু উদ্ধার করেছে

স্বরাষ্ট্রমন্ত্রী রফিকুল ইসলামের নির্দেশে সিএমপি'র

(১১-এর পৃঃ দেখুন)



শিকল পরিহিত বন্দী কয়েকজন মাদ্রাসা ছাত্র। ছবি উঠবে জেনে তারা উল্লসিত —মাশিউর রহমান